দৈনিক স্টেটসম্যান

KOLKATA
Statesman House,
4, Chowringhee Square
Kolkata-700 001
Apurba Chakravarty,
M : 9830045650,
Uttar Sarathi Guha Mojumder,
M : 9831528760
For Advertisement :
statesmandisplay@gmail.com
thestatesmanclassified@gmail.com
delhistatesman@gmail.com
For Editorial :
journo71@gmail.com

DELHI
Statesman House,
148, Barakhamba Road,
New Delhi-110 001
Tel: (011) 2331 5911, 43043793
delhistatesman@gmail.com
Hiten Rathore
hiten.statesman@gmail.com
Mob: 9212192123

BHUBANESWAR
Plot 3A, Zone B, Sector A, Mancheswar Industrial Estate, Bhubaneswar-751010.
M-09438838880
statesmanbbsr@gmail.com
Delhistatesman@gmailcom

SILIGURI
Spencer Plaza
18/19, 1st Floor,
Burdwan Road
Above Vishal Mega Mart
Siliguri-734005, West Bengal
Ph.: 9832082429
sil_statesman@yahoo.co.in
delhistatesman@gmailcom

HYDERABAD
The Statesman Limited
2nd Floor, UNI Building,
A.C. Guards, Hyderabad-500004,
Mob: 9866323009,9212192123
Email:
delhistatesman@gmail.com
hyderabad@thestatesmangroup.com

BANGALORE
No. 68, First Floor, Gold Tower
50 Residency Road
Bangalore-560025.
Tel.; 080-9212192123
Email:
delhistatesman@gmail.com
bangalore@thestatesmangroup.com

MUMBAI
5, Kasturi Buildings,
Jamshedji Tata Road,
Mumbai-400 020
M-9212192123, Tel : (022) 35775450
Email:
delhistatesman@gmail.com
mumbai@thestatesmangroup.com

LUCKNOW
2/2, Butler Palace
Near Jopling Road)
Lucknow-226 001,
M-9212192123
Email:
delhistatesman@gmail.com

RANCHI
Mobile : 9212192123
Email:
delhistatesman@gmailcom
ranchi@thestatesmangroup.com

AIR-SURCHARGE; Kathmandu - Re. 2, Eastern Region - Re. 1
All other stations in India - Re. 1

শহর ও জেলার অন্দরে

কল্যাণীর কুম্ভমেলায় শাহী স্নান করতে এসে রাজ্যকে বিঁধলেন বিজেপির রাজ্য সভাপতি

অঙ্কিতা আচার্য, নদিয়া, ১৪ ফেব্রুয়ারি— জয় বাংলা বাংলাদেশের স্লোগান, পশ্চিমবঙ্গের নয়। ফের স্লোগান নিয়ে রাজ্যকে বিঁধলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সোমবার নদিয়ার কল্যাণীর মাঝেরচর ঘাটে কুম্ভ মেলায় শাহী স্নান করতে এসেছিলেন সুকান্ত মজুমদার। সেখানে রাজ্যের বিরুদ্ধে তোপ দাগেন তিনি। বিজেপির রাজ্য সভাপতি বলেন, জয় পশ্চিমবঙ্গ বাংলার স্লোগান। কিন্তু জয় বাংলা স্লোগানটি বাংলাদেশের। জয় বাংলা মুজিবর রহমানের দেওয়া স্লোগান। ফলে এই স্লোগানটি কিছুতেই পশ্চিমবঙ্গের হতে পারে না।

উত্তরপ্রদেশ নয়, কুম্ভ মেলার আয়োজন এ বার বাংলায়। মেলা ঘিরে সাজ সাজ রব নদিয়ার কল্যাণীর মাঝের চর ঘাটে। আয়োজকদের দাবি, প্রথম দিনেই ১০-১২ হাজার মানুষের সমাগম হয়েছে। সোমবার মাঝের চর ঘাটে হল 'শাহী স্নান'। সোমবার সকাল থেকেই ভিড় ছিল পূর্নার্থীদের।

এদিন সকালে পূণ্য স্নান করতে মাঝের চর ঘাটে আসেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। গঙ্গায় স্নান করে পূজো দেন তিনি। পৌষ সংক্রান্তিতে গঙ্গাসাগর মেলার আয়োজন করা হয়। আর মাঘ সংক্রান্তিতে হয় এই কুম্ভ মেলা। তবে মেলার সবচেয়ে বড় আকর্ষণ হল 'শাহী স্নান'। সোমবার সকালে শুরু হয় সাধুদের নগর পরিক্রমা। ভোরের আলো ফুটতেই ঘাটে শুরু হয় সাধু ও পূর্নার্থীদের 'শাহী স্নান'।

মেলা ঘিরে মাঝেরচর ঘাটে নিরাপত্তা জোরদার করা হয়েছে। পাশাপাশি পুণ্যার্থীদের যাতে কোনওরকম অসুবিধা না হয়, সে দিকেও নজর দিয়েছে প্রশাসন। ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে এই মেলা। এদিন মেলায় এসে সুকান্ত মজুমদার আরো বলেন, রাজ্যপালের সঙ্গে নবান্নের দুরত্ব বাড়াই উচিত। কারণ, যে সরকার সংবিধান মানেন না। নিয়ম নীতি মানেন না। সেই সরকারের সঙ্গে সংবিধান প্রিয় মানুষের দুরত্ব বাড়াই উচিত। এছাড়া জেপি নাড্ডার সঙ্গে দিব্যেন্দু অধিকারীর বৈঠক প্রসঙ্গে সুকান্ত মজুমদার বলেন, এই বিষয়ে দিব্যেন্দু অধিকারী বলবেন। আগে বৈঠক হোক। ক্রমশ প্রকাশ্য। যদিও কুম্ভ মেলা নিয়ে আমজনতার উৎসাহ তুঙ্গে। নাগা সাধুদের দেখতে ইতিমধ্যেই ভিড় জমাচ্ছেন আট থেকে আশি সকলেই। এই মেলাকে ঘিরে এখনও পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তবে স্নানের পর মহিলাদের পর্যাপ্ত অস্থায়ী কোনো ব্যবস্থা না থাকায় ক্ষোভ প্রকাশ করেছেন অনেক মহিলাই। অপরদিকে, পুলিশ প্রশাসনের নিরাপত্তা ছিল বেশ ভালই। জল, স্থল দুটোতেই পুলিশের নিরাপত্তা বাহিনী ছিল যথেষ্ট।

উত্তরবঙ্গের রোগী কেন্দ্রিক হোম হেলথ কেয়ার পরিষেবা করবে 'বুর্তজর্গ'

নিজস্ব প্রতিনিধি— নেদারল্যান্ডের নেতৃত্বস্থানীয় কমিউনিটি-ভিত্তিক হোম হেলথ কেয়ার পরিষেবা বুর্তজর্গ ভারতের শিলিগুড়িতে তার পরিষেবা সম্প্রসারণের ঘোষণা করেছে। শিলিগুড়িতে বুর্তজর্গ উচ্চমানের হোম স্বাস্থ্য পরিষেবা প্রদান করবে। বয়স্ক ব্যাক্তিদের মধ্যে দীর্ঘস্থায়ী রোগের ক্রমবর্ধমানে প্রবণতা এবং উন্নত প্রাথমিক এবং পোস্টোপারেটিভ যত্নের প্রয়োজনীয়তার পরিপ্রেক্ষিতে বুর্তজর্গ ভারতে ২০১৭ সাল থেকে কাজ করছে।

পড়ুয়াদের এনসিসি'র মত ট্রেনিং থেকে স্কুল কর্তৃপক্ষ বঞ্চিত করতে পারবে না : হাইকোর্ট

নিজস্ব প্রতিনিধি— সোমবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অনিরুদ্ধ রায়ের এজলাসে পর্যবেক্ষণে উঠে আসে 'যোগব্যায়াম, শরীরচর্চা এবং এনসিসির মতো গুরুত্বপূর্ণ ট্রেনিং থেকে স্কুল কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের কখনই উদ্দেশ্যপ্রণোদিতভাবে বঞ্চিত করতে পারে না'। এই সংক্রান্ত এক মামলার শুনানিতে এদিন এমনটাই জানিয়েছে কলকাতা হাইকোর্ট। নির্দিষ্ট একটি স্কুল কর্তৃপক্ষ এবং পরিচালন কমিটির বিরুদ্ধে পড়ুয়াদের বঞ্চিত করে রাখার অভিযোগ উঠেছে। আদালত সুত্রে প্রকাশ, হুগলির ভদ্রেশ্বরের তেলনিপাড়া ভদ্রেশ্বর হাইস্কুলে ২০০৮ সাল থেকে এনসিসি'র ট্রেনিং ভালভাবেই চলছিল। তবে ২০১১ সাল এবং ২০১৪ সালের রাজ্য-কেন্দ্র সরকার পরিবর্তন হওয়ার পর থেকে বিষয়টি পরিবর্তিত হয়েছে। কেন্দ্রের সরকার পরিবর্তন হওয়ার পর যোগব্যায়াম, শারীরশিক্ষা, স্বাস্থ্য সচেতনতার ওপরও জোর দেওয়া বাধ্যতামূলক হল। এই মর্মে সমস্ত রাজ্যগুলিতে নির্দেশিকা পাঠায় কেন্দ্রের নরেন্দ্র মোদী সরকার। পশ্চিমবঙ্গেও সেই নির্দেশিকা এসেছিল যে সমস্ত স্কুলগুলিতে ছাত্রছাত্রীদের স্বাস্থ্যের কথা মাথায় রেখে যোগব্যাম শরীরচর্চা এবং এনসিসি করা বাধ্যতামূলক। কেন্দ্রের এই ফরমানের রাজ্যের বেশ কিছু স্কুল বিরোধিতা করে এবং এনসিসি'র ট্রেনিং দেওয়ার ক্ষেত্রে অনীহা প্রকাশ করে। যার মধ্যে অন্যতম তেলনিপাড়া ভদ্রেশ্বর হাইস্কুল। স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালন কমিটির সিদ্ধান্ত নিয়ে এনসিসি'র কার্যক্রম ২০১৬ সালে সম্পূর্ণরূপে বন্ধ করে দেয়। এনসিসি'র শিক্ষক দিব্যেন্দু বিশ্বাস বারবার আবেদন করেন স্কুল কর্তৃপক্ষ এবং ডিআইকে। তাতেও টনক নড়েনি স্কুল কর্তৃপক্ষের বলে অভিযোগ ওঠে। এমনকি অভিভাবকরা এবং এনসিসি'র শিক্ষক স্কুল কর্তৃপক্ষ এবং হুগলির স্কুল পরিদর্শকের কাছে লিখিত অভিযোগ করেন। পরে সেই অভিযোগ পেয়ে ডিআই স্কুলকে নির্দেশ দিলেও স্কুল কর্তৃপক্ষ এনসিসি'র প্রোগ্রাম চালু করেনি বলে অভিযোগ। এরপরই দিব্যেন্দু বিশ্বাস কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন। এদিন এই মামলা শুনানি পর্বে দিব্যেন্দু বিশ্বাসের আইনজীবী আশীষ কুমার চৌধুরী আদালতে অভিযোগ করেন, '২০০৮ সাল থেকে স্কুলে ছাত্র-ছাত্রীদের যোগব্যায়াম, শরীরচর্চা এবং এনসিসির ট্রেনিং হয়ে আসছিল। কিন্তু স্কুল কর্তৃপক্ষ এবং পরিচালন কমিটির উদ্দেশ্য প্রণোদিতভাবে ছাত্র-ছাত্রীদের এই সমস্ত সুবিধা থেকে বঞ্চিত করার চেষ্টা করে রেখেছে। করোনা মহামারীর পর অন্যান্য স্কুল-কলেজ স্বাভাবিক ছন্দে ফিরলেও তেলনিপাড়া ভদ্রেশ্বর হাইস্কুল ছাত্র-ছাত্রীদের শরীরচর্চা এবং এনসিসি ট্রেনিং থেকে বঞ্চিত করে ছাত্র-ছাত্রীদের প্রতি অবিচার করছেন'। এই কথা শোনার পর স্কুল পরিচালন কমিটির সভাপতিকে কলকাতা হাইকোর্ট তলব করেছিল। কিন্তু সেই নির্দেশ পালন করেনি স্কুল কর্তৃপক্ষ এবং তারা আদালতেও হাজিরা দেয়নি। এরপর বিচারপতির নির্দেশ, 'হুগলির স্কুল পরিদর্শকের নির্দেশ মেনে অবিলম্বে স্কুল কর্তৃপক্ষ অতি শীঘ্র এনসিসি চালু করবে'। পাশাপাশি পর্যবেক্ষণে উঠে আসে 'যোগব্যায়াম, শরীরচর্চা, এনসিসির মত গুরুত্বপূর্ণ ট্রেনিং থেকে স্কুল কর্তৃপক্ষ পড়ুয়াদের উদ্দেশ্যপ্রণোদিত ভাবে বঞ্চিত করতে পারবেনা'।

ভ্যালেন্টাইন্স গিফট

নিজস্ব প্রতিনিধি— ভ্যালেন্টাইন্স ডে উপলক্ষে প্রিয়জনদের জন্য উপহারের ডালি সাজিয়ে এনেছে ব্রিটেন বেইসড ইন্টারন্যাশনাল পার্সোনাল কেয়ার ব্র্যান্ড দ্য বডি শপ। গ্রাহকদের কথায় মাথায় রেখে বডি শপ পাঁচ ধরনের পাঁচটি রেঞ্জের গিফট হ্যাম্পার নিয়ে এসেছে।

১) স্ট্রবেরি হার্ট গিফট বক্স। যার দাম ১,৩৯৫ টাকা। এই সারপ্রাইজ গিফট বক্সে রয়েছে স্ট্রবেরি লিপ বাটার, স্ট্রবেরি বডি বাটার ও স্ট্রবেরি হ্যান্ড ক্রিম। ২) চা গাছের তেল দিয়ে তৈরি ১,৪৯৫ টাকার ক্লিন অ্যান্ড গ্লিম টি ট্রি স্কিনকেয়ার গিফট বক্সটি ত্বকের দাগ দূর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। রয়েছে চা গাছ ক্লিয়ারিং ম্যাটিফাইং টোনার, চা গাছের তেল ও টি ট্রি স্কিন ক্লিয়ারিং ফেস ওয়াশ। ৩) অ্যালোভেরার গুণাগুণ যুক্ত ২,৮৯৫ টাকার শেভিং কিটে রয়েছে অ্যালো শেভিং জেল ও অ্যালো পোস্ট শেভ জেল। ৪) ২,৫৩৫ টাকার ফ্লোরা ডুও রিফ্রেশিং এবং আপলিফটিং হোয়াইট মাস্ক ফ্লোরা ডুও-তে রয়েছে ফ্লোরা ফ্রেগ্রেন্স মিস্ট, শাওয়ার জেল ও কমিউনিটি ফেয়ার ট্রেড কার্ড। ৫) শুষ্ক ত্বকের জন্য হাইড্রেটিং এবং সুরক্ষা শণ বক্সে রয়েছে হেম্প বডি বাটার, শণ হ্যান্ড প্রোটেক্টর ও শণ ঝরনা তেল। যার দাম ৪,৯৯৫ টাকা।

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের অফিসিয়াল পার্টনার পলিক্যাব

নিজস্ব প্রতিনিধি— ভারতের শীর্ষস্থানীয় বৈদ্যুতিক পণ্য সংস্থা পলিক্যাব ইন্ডিয়া লিমিটেড (পিআইএল) ২০২৩ সালে অনুষ্ঠিত আসন্ন আইসিসি গ্লোবাল ইভেন্ট উপলক্ষে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের সঙ্গে অফিসিয়াল পার্টনার হিসেবে চুক্তি করেছে। উল্লেখ্য, আর্থিক বছর ২০২২ অনুসারে পিআইএলের টার্নওভার ১২২ বিলিয়ন ডলার। এই পার্টনারশিপ অনুযায়ী ২০২৩ সালের নির্ধারিত আইসিসি-র সমস্ত পুরুষ ও মহিলাদের বিশ্বব্যাপী ইভেন্টগুলিতে পলিক্যাবের স্পনসরশিপ থাকবে। যার মধ্যে রয়েছে দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত আইসিসি মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ, ইউনাইটেড কিংডমে আইসিসি ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল এবং আইসিসি মেনস ক্রিকেট ওয়ার্ল্ড কাপ।

প্রেপল্যাডার 'ড্রিম টিম'

নিজস্ব প্রতিনিধি— ভারতের ক্রমবর্ধমান অনলাইন লার্নিং প্ল্যাটফর্মগুলির মধ্যে অন্যতম প্রেপল্যাডার ('ড্রিম টিম' পরবর্তী সংস্করণ) ও একটি উন্নত পরীক্ষা প্রস্তুতি টুল, QBank Next Edition (কোশ্চেন-ব্যাঙ্ক নেক্সট এডিশন) লঞ্চ করার কথা ঘোষণা করেছে। এই ড্রিম টিম নেক্সট এডিশনে চিকিৎসাবিজ্ঞানের বিভিন্ন বিভাগের অনেক প্রথিতযশা শিক্ষাবিদ ও শিক্ষক-শিক্ষিকা যুক্ত আছেন, যাঁরা একসঙ্গে মিলে পরীক্ষার্থীদের জন্য নতুন লার্নিং অভিজ্ঞতাকে ডিজাইন করেছেন।

কোশ্চেন-ব্যাঙ্ক নেক্সট এডিশন এমনই একটি প্রস্তুতি টুল হিসাবে নিখুঁত পরীক্ষানিরীক্ষার মাধ্যমে তৈরি করা হয়েছে যা শিক্ষার্থীকে, নেক্সট পরীক্ষার সংশ্লিষ্ট ফর্ম্যাটের অনুবর্তী থেকে, নিজের প্রস্তুতির মূল্যায়নের সূক্ষ্মতর বিষয়গুলি খুঁজতে সক্ষম করবে অর্থাৎ শিক্ষার্থী কতখানি প্রস্তুত তা নিজেই বুঝতে সমর্থ হবেন।

ভুয়ো জাতিগত শংসাপত্র প্রাপকদের দিনের সময়সীমা বেঁধে দিলেন বিচারপতি বসু

নিজস্ব প্রতিনিধি— সোমবার দুপুরে কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসুর এজলাসে ভুয়ো জাতিগত শংসাপত্র নিয়ে মামলার শুনানি চলে। এদিন এজলাসে শুনানি পর্বে বিচারপতি জানান -'কলঙ্কের চাকরি বাতিল হবেই। সেই জায়গায় অপেক্ষমাণ চাকরিপ্রার্থীদের তালিকা থেকে চাকরি পাবেন যোগ্য ও মেধাবীরা'। এর পাশাপাশি রাজ্য সরকারকেও তীব্র ভর্ৎসনা করতে দেখা যায় বিচারপতিকে। সেইসাথে ভুয়ো শংসাপত্র দিয়ে চাকরি পাওয়া ব্যক্তিদের ক্ষেত্রেও চূড়ান্ত সময়সীমা বেঁধে দিলেন বিচারপতি। সাতদিন চূড়ান্ত সময় দেওয়া হল ভুয়ো শংসাপত্রে চাকরিপ্রাপকদের। সাত দিনের মধ্যে জাতিগত শংসাপত্র বাতিলের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে আবেদন করতে হবে তাঁদের। এরমধ্যেই তাঁদের জানাতে হবে, 'কেন তাঁদের চাকরি বাতিল করা হবে না? এদিন মধ্যশিক্ষা পর্ষদের কাছ থেকেও আলাদা করে চাওয়া হয়েছে অভিযুক্তদের জয়েনিং রিপোর্ট। তফশিলি জাতি-উপজাতির মামলা সংক্রান্ত রাজ্যের রিপোর্ট দেখে হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসু বলেন, রিপোর্টের নামে হাইকোর্টের সঙ্গে তামাশা করছে রাজ্য। রাজ্য রিপোর্ট দিয়েছে? এটা কোনও রিপোর্টই নয়। সাংবিধানিক ক্ষমতার এই কায়দায় অপব্যবহার মেনে নেওয়া যায় না। যে কেউ আসবে আর ওবিসি সার্টিফিকেট নিয়ে চলে যাবে! আর যোগ্যরা পিছনের সাড়িতে বসে হাত গুনবে, কাস্ট সার্টিফিকেট কবে পাব। এটা রাজ্যের সুপ্রশাসনের উদাহরণ হতে পারে না। এই মন্তব্য করতে দেখা যায় বিচারপতিকে। আদালত সুত্রে প্রকাশ, শিক্ষক নিয়োগের অনিয়মের তদন্ত করতে করতে ২০২২-এর ২৮ ডিসেম্বরে সামনে আসে এক বিস্ফোরক তথ্য। জানা যায়, স্কুলের নিয়োগের ক্ষেত্রেও ব্যবহার করা হয়েছে 'ভুয়ো' জাতিগত শংসাপত্র। কয়েক জনের জাতি শংসাপত্র সঠিক না থাকার কথা কলকাতা হাইকোর্টে স্বীকারও করে নেন সংশ্লিষ্ট জেলার মহকুমাশাসক। ৫৫ ওবিসি সার্টিফিকেট ভুয়ো থাকার অভিযোগে মামলা হয় কলকাতা হাইকোর্টে। ৩২ জনের রিপোর্ট জমা পড়ে। তার মধ্যে ৪ জনের ওবিসি সার্টিফিকেট জালিয়াতির প্রমাণ মেলে। ওই ৪ জনেরই সার্টিফিকেট বাতিল করা হয়। মণ্ডল পদবি তফশিলি জনজাতি নয় বলে স্বীকার করেন ডায়মন্ড হারবারের মহকুমাশাসক। ওই মহকুমাশাসক আদালতে জানান, জাতি শংসাপত্রটি ভুল করে দেওয়া হয়েছে। বাতিলের প্রক্রিয়া চলছে'। মাহাত পদবিধারী ব্যক্তিকে ভুল করে এসটি সার্টিফিকেট দেওয়া হয়েছে বলে মেনে নেন লালবাগের মহকুমাশাসক। তিনিও ৬টি সার্টিফিকেট বাতিলের প্রক্রিয়া শুরু করেছেন বলে হাইকোর্টকে জানিয়েছেন। এদিনের নির্দেশ অনুযায়ী ৭ দিনের মধ্যে নিজেদের আত্মপক্ষ সমর্থনে সুযোগ পাবেন হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসুর এজলাসে।

গ্রামীণ এলাকার ১০ হাজার মহিলার ক্ষমতায়ন

নিজস্ব প্রতিনিধি— গ্রামীণ এবং আধা শহর এলাকার মহিলাদের ক্ষমতায়নের জন্য ওপ্পো ইন্ডিয়া এবং সিএসসি একাডেমি এগযোগে সাইবার সঙ্গিনী প্রোগ্রাম নিয়ে এসেছে। মিনিস্ট্রি অফ ইলেকট্রনিক্স অ্যান্ড আইটি-এর সহযোগিতায় এই উদ্যোগে ১০ হাজার মহিলাকে সাইবার নিরাপত্তা এবং সাইবার সুঅভ্যাস সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষিত মহিলারা সার্টিফাইড সাইফার সিকিউরিটি অ্যাম্বাসাডর বা সাইবার নিরাপত্তা দূত হিসেবে কাজ করার ক্ষমতা এবং জ্ঞান অর্জন করতে পারবেন। ৪৫ দিনের কোর্স সমাপ্ত করার পর অংশগ্রহণকারীরা এনআইইএলআইটি থেকে একটি শংসাপত্র পাবেন যা তাঁদের নিজেদের এলাকায় কাজের সুযোগ পেতে এবং জীবিকা অর্জনের জন্য নতুন সুযোগ খুলে দেবে। নানারকম সাইবার সমস্যা থেকে নাগরিকদের সুরক্ষা দিতে সাইবার সঙ্গিনীদের প্রচলিত আইন এবং কাজের পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হবে।

টিসিআই-এর তৃতীয় ত্রৈমাসিকের আর্থিক ফলাফল

নিজস্ব প্রতিনিধি— ভারতের শীর্ষস্থানীয় ইন্টিগ্রেটেড সাপ্লাই চেইন এবং লজিস্টিকস সলিউশন প্রদানকারী সংস্থা ট্রান্সপোর্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড বা টিসিআই ৩১ ডিসেম্বর ২০২২ শেষ হওয়া তৃতীয় ত্রৈমাসিকের আর্থিক ফলাফল ঘোষণা করেছে। রিপোর্টে Q৩ FY ২০২৩ এবং Q৩ FY ২০২২-এর তুলনা করে দেখা গেছে ৮৮১ কোটি টাকার অপারেশন থেকে y-o-y বৃদ্ধি সহ ১৬% রেভিনিউ বা রাজস্ব আদায় হয়েছে। EBITDA Q৩ FY২০২২-এ বেড়ে হয়েছে ১৩৮ কোটি টাকা। PAT ৭৮ কোটি থেকে বেড়ে হয়েছে ৯৫ কোটি টাকা। অর্থাৎ নিট মুনাফা বৃদ্ধি পেয়েছে ২২.৯%।

শ্রীচৈতন্য টেকনো স্কুল পানিহাটির বার্ষিকী পালন

নিজস্ব প্রতিনিধি— শ্রীচৈতন্য টেকনো স্কুল (পানিহাটি)'র ২০২২-২৩-এর বার্ষিকী অত্যন্ত আড়ম্বরে পালিত হল। পানিহাটির লোকসংস্কৃতি ভবনে শনি ও রবিবার দু'দিন ধরে চলে বার্ষিক উৎসব। প্রায় ১৫০০ শিক্ষার্থী ও অভিভাবক, আত্মীয়স্বজন উপস্থিত ছিলেন। বর্ণাঢ্য নানা কর্মসূচিতে অংশ নিয়েছে প্রায় শতাধিক শিশু। শিশুরা তাদের অনুষ্ঠানের মাধ্যমে সমাজকে অনেক বার্তা দিয়েছে। এ তথ্য জানিয়েছেন শ্রীচৈতন্য টেকনো স্কুলের অধ্যক্ষ সুমিতা চক্রবর্তী। প্রধান অতিথি বিধায়ক নির্মল ঘোষ বলেন, আমাদের এলাকায় শ্রীচৈতন্য টেকনো স্কুলের মতো স্কুলের প্রয়োজন ছিল। আজ এখানে হাজার হাজার শিশুর উজ্জ্বল ভবিষ্যৎ দেখে আমি আনন্দিত। বিশেষ অতিথি ছিলেন বারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া এবং উত্তর ২৪ পরগনা জেলা আধিকারিক শারদকুমার দ্বিদেবী।

সুমিতা চক্রবর্তী বলেন, ৪০ বছর আগে স্যার বি এস রাও এবং তাঁর স্ত্রী ডা. ঝাঁসি লক্ষ্মীবাঈ বোপানা বিজয়ওয়াড়ায় প্রথম শ্রীচৈতন্য স্কুল চালু করেছিলেন। শ্রীচৈতন্য বিশ্বমানের পাঠ্যক্রম, সমসাময়িক শিক্ষা পদ্ধতি এবং শারীরিক ও ব্যক্তিত্ব বিকাশের উপর সমান মনোযোগের একটি অনন্য মিশ্রণ তৈরি করা হয়েছে। অসংখ্য বিশ্বমানের ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইএএস অফিসার, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট এবং আরও অনেক কিছু তৈরি করার নেপথ্যে আমরা। এখানে ইঞ্জিনিয়ারিং থেকে শুরু করে নানারকম পেশার শিক্ষা দেওয়া। *ছবি—সত্যজিৎ চক্রবর্তী*

রাশিফল

লোকনাথ শাস্ত্রী

বুধবার, ১৫ ফেব্রুয়ারি

মেষরাশি– স্বামী স্ত্রীর চেষ্টায় ব্যবসায়িক সাফল্য। বিদ্যার্থীদের পক্ষে শুভ নয়। অভাবনীয় নতুন বৃহৎ যোগাযোগ আসবে। অযৌক্তিক উচ্চাকাঙ্খা পরিত্যাগ করুন।

বৃষরাশি– মন, বুদ্ধির অস্থিরতা বিষয়ে সতর্ক হবেন। একাধিক সদুপায়ে অর্থাগম। হিতৈষীর উপস্থিতি লক্ষ্যণীয়। নিষ্ঠা ও শ্রম অনুযায়ী বিদ্যায় সাফল্য আসবে না।

মিথুনরাশি– ব্যবসায়ে অর্থ বিনিয়োগ কার্যকরী হবে। বিদ্যার্থীদের পক্ষে সাফল্যের আশা ক্ষীণ। নিকট আত্মীয়ের ব্যবহারে সন্দেহ বৃদ্ধির আশঙ্কা। প্রিয় সমাগম ও প্রীতিলাভের সম্ভাবনা।

কর্কটরাশি– বলবান শত্রুর সঙ্গে সেয়ানে সেয়ানে বোঝাপড়া। ধর্ম বিষয়ে শুভ। বহু শ্রমযোগে উপার্জন ও অর্থসঙ্কট থেকে মুক্তি। মামলায় সংঘাতের ফল সন্তোষজনক।

সিংহরাশি– সেবার দ্বারা গুরুজনকে সন্তুষ্ট করতে পরেন। কর্মক্ষেত্রে অভাবনীয় সাফল্য। নিকট সম্পর্কিতের সুখবর পাবেন।

কন্যারাশি– প্রশাসনিক পদে উন্নতির কারকতা। মন ও বুদ্ধির অস্থির বিষয়ে সতর্ক হবেন। পারিপার্শ্বিকতা হেতু মানসিক উদ্বেগ বৃদ্ধি।

তুলারাশি– কর্মক্ষেত্রে মৌলিক চিন্তা ও কৃতিত্ব বাড়বে। স্থান পরিবর্তনে শারীরিক উন্নতি। দিনের শেষে অপ্রত্যাশিত প্রাপ্তিযোগ।

বৃশ্চিকরাশি– অর্থ বিনিয়োগে ব্যবসায়িক সাফল্যের যোগ। ব্যবস্থা প্রতিষ্ঠা বিলম্বিত হলেও শুভপ্রদ। ধ

ধনুরাশি– পত্নীর কর্মকুশলতায় পারিবারিক শ্রীবৃদ্ধি। ভ্রাতা ভগিনীর সহিত মতানৈক্যের অবসান।

মকররাশি– ব্যবসায়ে অংশীদারী সমস্যার সমাধান। বহুজনের সঙ্গ মেলামেশা।

কুম্ভরাশি– আইনঘটিত জটিলতার সরলীকরণ। হিতাকাঙ্খীর কৃপা ও আনুকূল্য লাভ। ঋণশোধ ও নানা কারণে অর্থব্যয়। বৈষয়িক মামলায় জয়লাভের আশা।

মীনরাশি– গুরুজনের আশীর্বাদে সৌভাগ্য বৃদ্ধি। মানসিক যন্ত্রণার উপশম হতে পারে। জ্ঞানীজনের সহায়তা লক্ষ্যণীয়। বক্রপথে অর্থাগমের কারকতা।

দিনপঞ্জিকা

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা

২ ফাল্গুন ১৪২৯, ১৫ ফেব্রুয়ারি, বুধবার ২০২৩। তিথি—(মাঘ কৃষ্ণপক্ষ) নবমী দং ৩/৩৭ দিবা ঘ. ৭/৪০ পরে দশমী দং ৫৮/২১ শেষরাত্রি ঘ. ৫/৩৩। নক্ষত্র— জ্যেষ্ঠা দং ৪৬/২৩ রাত্রি ঘ. ১২/৪৬। অমৃতযোগ– দিবা ঘ. ৯/৩০ গতে ১২/৪৫ মধ্যে রাত্রি ঘ. ৮/০ গতে ১০/২১ মধ্যে।

মদন গুপ্তের ফুল পঞ্জিকা

২ ফাল্গুন ১৪২৯, ১৫ ফেব্রুয়ারি, বুধবার ২০২৩। তিথি—দশমী রাত্রি ১২/৪৫। নক্ষত্র— জ্যেষ্ঠা রাত্রি ৮/৩২।

ইসলামি পঞ্জিকা

২ ফাল্গুন ১৪২৯, ১৫ ফেব্রুয়ারি, বুধবার ২০২৩। সূর্যোদয় ৬/১৫ সূর্যাস্ত ৫/২৮। **তিথি—দশমী রাত্রি ১২/৪৫। নক্ষত্র— জ্যেষ্ঠা রাত্রি ৮/৩২।** সেহরী শেষ/ফজর শুরু ৪/১৫ ফজর শেষ ৫/৩০ জোহর ১০/৪৯ আসর ৩/৪১ ইফতার/ মাগরিব ৫/২৪ এশা ৬/৩৫।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

পাবলিক নোটিশ

I, JYOTSNA Sarkar, W/o. Late Sambhu Sarkar, having Aadhaar No.-2781 1523 1224, residing at 135 Shyam Nagar Road, Kolkata-700055. Previously called Renu Sarkar (nick name), vide affidavit before 1st Class Judicial Magistrate at Barrackpore Court, Notary Public (67AB 500662) dated on 24-08-2022, my actual name is Jyotsna Sarkar. I have purchased land 4 cottahs, Mouza-Basina, J.L. No. 31, Khatian No.-412/1, Dag No. 381 and 382 under P.S.: Rajarhat, Dist.: North 24 Pgs. registered dated on 06-09-1993 at A.D.S.R.O.-Bidhannagar, vide Deed No. 7194. That deed mistakely recorded my nick name Renu Sarkar in place of my actual name Jyotsna Sarkar. The address of mine in the deed also been recorded as 135 Shyam Nagar Road, Kolkata-700055 in place of 124 Shyam Nagar Road, Kolkata-700055. That both Jyotsna Sarkar and Renu Sarkar is identically one and same person in the eye of law.

কর্মখালি

Applications invited from eligible female candidates for the following posts at Sri Ramakrishna Sarada Peeth Girls' High School (H.S.), P.O. & Dist.: Jhargram, Pin-721507.
1. Assistant Teacher, Master of Computer Application (M.C.A.) with B.Ed. – UR Category.
2. Assistant Teacher of B.Sc. (Pass) B.Ed. in Bio-Science – ST Category.
Apply to the Secretary within 15 days from the date of this advertisement with all Marks sheets, Certificates and a Demand Draft for Rs. 500 payable at PNB, Jhargram Branch.

Secretary
Sri Ramakrishna Saradapeeth
Girls' High School (H.S.)
P.O.: Jhargram, Dist.: Jhargram

All Advertisements
are carried
Free of cost onour website
https://
epaper.thestatesman.com

পাবলিক নোটিশ

RELIANCE JUTE MILLS (INTERNATIONAL) LIMITED

CIN: L17125WB1996PLC081382
Regd. Off: 13/C, Kashi Nath Mullick Lane, 1st Floor, Kolkata-73
Website: www.reliancejute.com

Notice for furnishing PAN, KYC details and Nomination

Notice is hereby given that pursuant to SEBI Circular dated November 03,2021, all physical shareholders of the Company's are required to submit their PAN, KYC details and Nomination to the Company/RTA and hence, we request allphysical shares holders of the Company to please submit their PAN, KYC details, Nomination, etc. to the Registrar and Share Transfer Agent (RTA) of the Company at the address mentioned below to enable them to update your records immediately:

S. K. Infosolutions Pvt. Ltd
D/42, Katju Nagar Colony, Ground Floor, Near South City Mall, Po & Ps - Jadavpur, Kolkata - 700 032.
Ph : 033-24120027 / 033-24120029
E: contact@skcinfo.com/skcdilip@gmail.com

P.S. Copies of the necessary Prescribed Forms can be download from the website of our RTA at **www.skcinfo.com/notice.php** & **www.skinfo.in/notice.php**

For **Reliance Jute Mills** (International) **Limited**
Sd/-
Company Secretary/Compliance Officer
Place: Kolkata Date: 15/02/2023

লিগাল নোটিশ

লীগ্যাল নোটিশ:-

সর্বসাধারণের অবগতির জন্য, জনসাধারণকে জানানো হইতেছে যে, আমার মক্কেল নিম্নবর্ণিত রায়ত/মালিকদের জমিগুলি ক্রয় করিবার প্রক্রিয়াকরন শুরু করিতেছে:-

**পশ্চিম বর্ধমান, মৌজা – শ্যামসুন্দরপুর, দাগ নম্বর - খতিয়ান নম্ব